



'Hegemony in ELT during a Socio-Critical Age' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



১৩ অক্টোবর ২০২২-বৃহস্পতিবার ইংরেজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে 'Hegemony in ELT during a Socio-Critical Age' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে যুক্তরাষ্ট্রের নর্থ ইস্টার্ন ইলিনয়েস বিশ্ববিদ্যালয়ের ইমিরেটাস অধ্যাপক এবং আমেরিকান দূতাবাস ও নায়েম এর সিনিয়র ইংরেজি ভাষা বিশেষজ্ঞ ড. লরেন্স. এন. বার্লিন মুখ্য বক্তা হিসেবে প্রবন্ধ উপস্থাপন করেন। অধ্যাপক লরেন্স তাঁর প্রবন্ধে ELT শিক্ষার্থীদের ভাষা শিক্ষণের যে সব পদ্ধতি শেখানো হয় এবং প্রকৃতপক্ষে শ্রেণিকক্ষে যেভাবে পাঠদান করা হয় এই দুয়ের মধ্যে বিস্তর পার্থক্যের উপর গুরুত্ব দিয়ে আলোচনা করেন এবং শিক্ষা ব্যবস্থাকে আরো বাস্তবমুখী করার ব্যাপারে জোর দেন। এছাড়াও মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ড. মোঃ আবু জাফর।

ইংরেজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ মমিন উদ্দীনের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় বিভাগের অন্যান্য শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।